CITIZEN CHARTER OF ISSB

আইএসএসবি'র উদ্দেশ্য

বাংলাদেশ সশস্ত্র বাহিনীর জন্য প্রচ্ছন্ন প্রতিভা সম্পন্ন অফিসার নির্বাচন করা, যারা আবশ্যকীয় যোগ্যতা পূরণ পূর্বক সাফল্যমন্ডিতভাবে নিজ নিজ বাহিনীর প্রশিক্ষন একাডেমীর প্রশিক্ষন কার্যক্রম সম্পন্ন করার যোগ্যতা রাখে।

আইএসএসবি'র লক্ষ্য

আইএসএসবি'র উদ্দেশ্য সমূহকে সফল করার জন্য নিম্নবর্নিত লক্ষ্য সমূহ নির্ধারন করা হয়েছেঃ

ক। স্ব স্ব বাহিনীর একাডেমির প্রশিক্ষন যথাযথভাবে গ্রহন করার যোগ্যতাসম্পন্ন প্রার্থীর সম্ভাব্যতা নিরুপন করা।

খ। মানসিক গুনের উপর ভিত্তি করে প্রত্যাশিত ব্যক্তিত্ব সম্পন্ন প্রার্থীকে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর অফিসার হিসাবে যাচাই করণ/মূল্যায়ন করণ।

গ। একজন প্রার্থীর সামর্থ্য সম্পর্কে ভবিষ্যৎবানী করণ যার ভিত্তিতে সে তার সাফল্য ও অনুশীলনের মাধ্যমে নির্দিষ্ট পর্যায়ের সামরিক নেতৃত্ব ও আদেশ প্রদান করতে পারে।

আইএসএসবি'র কার্যপ্রনালী

১। আন্তঃ বাহিনী নির্বাচন পর্ষদ (আইএসএসবি) বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রনালয়ের অধিনস্ত একটি সংগঠন ।

২। আইএসএসবি বাংলাদেশ সশস্ত্র বাহিনীর (সেনা, নৌ ও বিমান) জন্য অফিসার পদে যোগ্য প্রার্থী নির্বাচনের দায়িত্ব পালন করে।

৩। আইএসএসবি লিঙ্গ-ধর্ম-বর্ণ, রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক শ্রেনী নির্বিশেষে উপযুক্ত মেধা ও মানবিক গুণাবলীসম্পন্ন প্রার্থী নির্বাচন করে।

৪। আইএসএসবি নির্দিষ্ট কোন বাহিনীর জন্য উপযুক্ততা বিবেচনা না করে সার্বজনীনভাবে সশস্ত্র বাহিনীর জন্য অফিসার পদে উপযুক্ত প্রার্থী নির্বাচন করে থাকে।

৫। সশস্ত্র বাহিনীর জন্য অফিসার নির্বাচনী কার্যক্রম নিম্নোক্ত ক্রমধারায় পরিচালিত হয়ঃ

ক। প্রার্থীর উপযুক্ততা সংক্রান্ত নিজ নিজ নীতিমালা অনুযায়ী সেনা, নৌ ও বিমান বাহিনী সদর দপ্তরসমূহ প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদেরকে আইএসএসবি'তে প্রেরণ করে (বাহিনীত্রয়ের ভর্তি তথ্য কেন্দ্র হতে প্রার্থী উপযুক্ততা সংক্রান্ত নীতিমালা জানা যেতে পারে)।

খ। আইএসএসবি প্রার্থীদেরকে বিভিন্ন বোর্ডে বিভক্ত করে নির্বাচনী কার্যক্রম পরিচালনা করে এবং প্রত্যেক নির্বাচনী বোর্ডের স্থিতিকাল ৪ দিন হয় (আইএসএসবি'র কার্যক্রম বিস্তারিতভাবে উল্লেখিত Web Site এ দেয়া আছে) ।

গ। আইএসএসবি কর্তৃক নির্বাচিত প্রার্থীদেরকে তাদের আবেদনকৃত স্ব স্ব বাহিনীর মাধ্যমে চূড়ান্ত ডাক্তারী পরীক্ষায় উত্তীর্ণ হতে হয় । পরবর্তীতে সংশ্লিষ্ট বাহিনী সদর দপ্তর প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে চূড়ান্ত মনোনয়ন প্রদান করে ।

৬। আইএসএসবি তার নিজস্ব মানদন্ডের মাধ্যমে নির্বাচনী কার্যক্রম পরিচালনা করে যা একজন সামরিক কর্মকর্তার সার্বিকভাবে প্রত্যাশিত কর্মপরিধির ভিত্তিতে নির্ধারিত। আইএসএসবি'র মানদন্ড আর্ন্তজাতিক ও উপমহাদেশের বিভিন্ন সামরিক বাহিনীর নির্বাচন মানদন্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ। বাহিনী সদরের কর্মপরিধির উপর নির্ভর করে এই প্রজন্মের একজন তরুনের কাছে প্রত্যাশিত সকল মনস্তাত্বিক, ব্যক্তিগত, চারিত্রিক ও শারিরীক গুনাবলীর উপর ভিত্তি করেই এই মানদন্ড নির্ধারন করা হয়ে থাকে।

৭। আইএসএসবি'র মানদন্ড ও কার্যপ্রনালী সংস্থার স্থায়ী নির্দেশিকায় লিপিবদ্ধ করা হয়েছে। যা সময়ান্তরে নিম্নলিখিত বিষয়াদির দিকে দৃষ্টি দিয়ে হালনাগাদ করা হয়ে থাকেঃ

ক। আর্থ-সামাজিক পরিবর্তন ।

খ। বাহিনীত্রয়ের প্রশিক্ষন একাডেমিতে ক্যাডেটদের অর্জিত ফলাফল (Performance) এবং পরবর্তীতে ইউনিট সার্ভিসের মান ।

গ। উন্নত দেশ সমূহের সামরিক বাহিনীর নির্বাচন পর্ষদ পরিদর্শন সাপেক্ষে আইএসএসবি'র মানদন্ড/ কার্যপ্রনালীর সংশোধন করা হয়/যেতে পারে ।

৮। আইএসএসবি নির্বাচন সংক্রান্ত বিষয়ে নিয়মিত সেমিনার, সিম্পোজিয়াম ও কর্মশালার আয়োজন করে থাকে। যেখানে অত্র সংস্থার নির্বাচক ছাড়াও বাহিনীত্রয় এর সংশ্লিষ্ট প্রতিনিধি, সেনা, নৌ ও বিমান বাহিনীর প্রশিক্ষন একাডেমি ও আর্টডক (ARTDOC) এর প্রতিনিধি এবং দেশের স্বনামধন্য বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ অংশগ্রহন করে থাকেন। তাদের সুপারিশ সমূহ যাচাই/বাছাই পূর্বক অত্র সংস্থার নির্বাচন মানদন্ড ও কার্যপ্রনালীর হালনাগদ করা হয়ে থাকে।

৯। অত্র সংস্থার নির্বাচক (Assesors) গন লিঙ্গ-ধর্ম-বর্ণ, রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক বৈষম্য প্রদর্শন না করে প্রার্থীর নিজস্ব গুনাবলীর প্রতি গুরুত্ব ও দৃষ্টি দিয়ে থাকেন। সকল নির্বাচক তাদের কর্মক্ষেত্রে সম্পূর্ন বিশ্বস্ততা, নিরপেক্ষতা ও স্বচ্ছতার পরিচয় দিয়ে থাকেন।

১০। নির্বাচনী কার্যক্রম চলাকালীন সময়ে কোন কারণে কোন প্রার্থী আহত বা অসুস্থ হলে তাকে প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয় । প্রয়োজনে সম্মিলিত সামরিক হাসপাতালে প্রেরণ করা হয়।

১১। আইএসএসবি মহিলা প্রার্থীদের জন্য পৃথক নির্বাচনী বোর্ডের আয়োজন করে। মহিলা প্রার্থীদের শারীরিক বৈশিষ্ট্যের বিষয়টি বিবেচনা করে কিছু কিছু Event এ স্বতন্ত্র Test নেয়া হয়ে থাকে। তবে কোন বোর্ডে পুরুষ ও মহিলা প্রার্থী একসাথে আহবান করা হলে মহিলা প্রার্থীদের জন্য পৃথক আবাসনের ব্যবস্থা করা হয়ে থাকে ।

১২। আইএসএসবি প্রার্থীদেরকে বিভিন্ন নির্বাচনী বোর্ডে বিভক্ত করে যথেষ্ট সময় পূর্বে উক্ত নির্বাচনী বোর্ডের কার্যক্রমে যোগদান করার জন্য কল আপ লেটার প্রেরণ করে থাকে । এছাড়াও এতদসংক্রান্ত তথ্য আইএসএসবি এর নিজস্ব ওয়েব সাইটে (www.issb-bd.org) যথা সময়ে প্রদান করা হয়ে থাকে ।

ফোকাল পয়েন্ট কর্মকর্তা

নির্বাচনী কার্যক্রমে যোগদানের ক্ষেত্রে যেকোন ধরনের সহযোগিতার জন্য জিএসও-২(এসএন্ডডি), আইএসএসবি'র ফোন-০২-৮৭৫৪২৬৬, ৮৮৭১২৩৪ বর্ধিত ৪২৬৬ এ যোগাযোগ করতে পারে।